



অবিলম্বে প্রকাশের জন্য: 11/4/2025

গভর্নর ক্যাথি হোকল

অভাবী নিউ ইয়র্কবাসীদের সুবিধা বিবেচনায় গভর্নর হোকল ছুটির দিনে খাদ্য, খেলনা, কোট এবং স্কুল সামগ্রী সংগ্রহের কর্মসূচির সূচনা ঘোষণা করেন

ট্রাম্প প্রশাসন যখন বেআইনিভাবে SNAP সুবিধা আটকে দেওয়ার চেষ্টা করছে, তখন নিউ ইয়র্কবাসীদের জন্য খাদ্য অনুদান অন্তর্ভুক্ত করতে বার্ষিক ছুটির দিনের কর্মসূচিকে সম্প্রসারিত করা হলো

থ্যাঙ্কসগিভিং-এর আগেই মজুত রাখা যায় এমন খাদ্য সামগ্রী সংগ্রহ এবং বিতরণ করা হবে

1 নভেম্বর থেকে 5 ডিসেম্বরের মধ্যে খাদ্য, খেলনা, স্কুলের সামগ্রী এবং কোট অনুদান হিসেবে গ্রহণ করা হবে

শিপিং করা প্যাকেজগুলো এম্পায়ার স্টেট প্লাজায় সরবরাহ করা যাবে

ছুটির দিনের কর্মসূচির তথ্য পাওয়া যাবে এখানে

নিউ ইয়র্ক জুড়ে বসবাসরত অভাবী পরিবারগুলোর সুবিধার্থে স্টেটের বার্ষিক ছুটির দিনে অনুদান সংগ্রহের কার্যক্রম 1 নভেম্বর, শনিবার থেকে শুরু হয়েছে বলে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) ঘোষণা করেন। ছুটির দিনে উপহার প্রদানের এই মৌসুমে নিউ ইয়র্কবাসীদের সহায়তা প্রদানকারী কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলোকে সহায়তা করার জন্য নতুন, মোড়কবিহীন খেলনা, কোট, স্কুল সামগ্রী এবং মজুদ রাখা যায় এমন খাদ্যদ্রব্য অনুদান হিসেবে চাওয়া হচ্ছে। এই বছরের ছুটির দিনের অনুদান কর্মসূচিতে নতুনভাবে খাদ্য সংগ্রহের ব্যবস্থা যোগ করা হয়েছে যাতে নিউ ইয়র্কের পরিবারগুলো সাহায্য পায় যেখানে ট্রাম্প প্রশাসনের বেআইনি প্রচেষ্টার ফলে ফেডারেল অর্থায়নে চলা SNAP সুবিধা বন্ধ হয়ে যাওয়ার আশঙ্কা তৈরি হওয়ায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং এটি যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় ও কার্যকর খাদ্য সহায়তা কর্মসূচি যা প্রতি মাসে প্রায় তিন মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে খাদ্য সহায়তা দেয় — যাদের বেশিরভাগই বয়স্ক, প্রতিবন্ধী বা শিশু।

“দানশীলতাই হলো উৎসবের সময়কালের একটি প্রকৃত মূল্যবোধ। নিউ ইয়র্কের স্টেট ব্যাপী টয় অ্যান্ড কোট ড্রাইভ (Toy and Coat Drive) এমন একটি সুযোগ নিয়ে আসে যাতে সবচেয়ে প্রয়োজনের সময় আমরা আমাদের কমিউনিটির জন্য কিছু করতে পারি,” গভর্নর Hochul

(হোকল) বলেন। “অভাবী শিশু ও পরিবারগুলোর সাথে আশা, সুখ, উষ্ণতা এবং ছুটির আমেজ শেয়ার করে নিতে আমি সকল নিউ ইয়র্কবাসীকে অনুদান দেওয়ার জন্য আহ্বান জানাচ্ছি।”

নিউ ইয়র্ক স্টেট অফিস অব জেনারেল সার্ভিসেস (Office of General Services) স্টেট জুড়ে বিভিন্ন ড্রপ-অফ লোকেশন নির্ধারণ করেছে যেখানে ব্যবসা এবং ব্যক্তিবর্গ নতুন, মোড়কবিহীন খেলনা, কোট, স্কুলের সামগ্রী এবং মজুদ রাখা যায় এমন খাদ্যদ্রব্য দান করতে পারবেন যেগুলো নিউ ইয়র্কের সুবিধাবঞ্চিত কমিউনিটির পরিবারগুলোর মধ্যে পৌঁছে দেওয়া হবে।

খেলনা, কোট, স্কুলের সামগ্রী এবং খাদ্যদ্রব্যের অনুদান বেশিরভাগ ড্রপ-অফ লোকেশনগুলোতে নভেম্বর 1 থেকে ডিসেম্বর 5 তারিখ পর্যন্ত সংগ্রহ করা হবে। ডিসেম্বর 15 তারিখ পর্যন্ত এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)-তে পাঠানো এবং সরাসরি জমা দেওয়া অনুদান গ্রহণ করা হবে। নভেম্বর 1 এবং থ্যাঙ্কসগিভিং-এর আগের সপ্তাহের মধ্যে সংগৃহীত খাদ্য সামগ্রীগুলো ছুটির সময়কালে বিতরণ করা হবে।

ড্রপ-অফ স্থানগুলো হলো:

ক্যাপিটাল রিজিওন

- Agency Buildings 1,2,3,4 – Empire State Plaza, Albany
- Alfred E. Smith Building, 80 South Swan Street, Albany
- Corning Tower, Empire State Plaza, Albany
- Empire State Plaza Main Concourse, Empire State Plaza, Albany
- Harriman Campus Buildings 5, 6, 7, 7A, 8, 12 Harriman Campus, 1220 Washington Avenue, Albany
- Hampton Plaza, 38-40 State Street, Albany
- Legislative Office Building, Empire State Plaza, Albany
- New York State Capitol, Albany
- NYSDOT, 50 Wolf Road, Albany
- NYSERDA, 15 Columbia Circle, Albany
- NYSERDA, 17 Columbia Circle, Albany
- Robert Abrams Building for Law and Justice Empire State Plaza, Albany
- Swan Street Building, Core 2 and Core 3, Empire State Plaza, Albany
- Ten Eyck Building, 40 North Pearl Street, Albany
- 44 Holland Avenue, Albany
- 625 Broadway, Albany
- 328 State Street, Schenectady

সেন্ট্রাল নিউ ইয়র্ক

- Senator John J. Hughes State Office Building, 333 E. Washington Street, Syracuse

ফিঙ্গার লেকস

- NYS State Police, 1155 Scottsville Road, Rochester
- 1530 Jefferson Road, Rochester
- 259 Monroe Avenue, Rochester

লং আইল্যান্ড

- Perry B. Duryea State Office Building, 250 Veterans Memorial Highway, Hauppauge

মিড-হাডসন

- Eleanor Roosevelt State Office Building, 4 Burnett Boulevard, Poughkeepsie

মোহক ভ্যালি

- Homer Folks Facility, 28 Hill Street, Oneonta
- Utica State Office Building, 207 Genesee Street, Utica

নিউ ইয়র্ক সিটি

- Adam Clayton Powell, Jr. State Office Building, 163 West 125th Street, New York City
- Shirley A. Chisholm State Office Building, 55 Hanson Place, Brooklyn

নর্থ কান্ট্রি

- Dulles State Office Building, 317 Washington Street, Watertown

সাউদার্ন টিয়ার

- Binghamton State Office Building, 44 Hawley Street, Binghamton
- Henderson-Smith State Office Building, 107 Broadway, Hornell

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

- Electric Tower, 535 Washington Street, Buffalo
- 95 Perry Street, Buffalo, NY 14203

অনলাইনে অর্ডার করা প্যাকেজগুলো নিম্নলিখিত ঠিকানায় পাঠানো যাবে:

Empire State Plaza

P1 South Dock J

Albany, New York 12242

NYS Holiday Drive

###

আরো খবর www.governor.ny.gov-এ পাওয়া যাবে

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)